গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
মৎস্য ভবন, রমনা, ঢাকা।
www.fisheries.gov.bd

নং- ৩৩.০২.০০০০.১২০.০২.০২৩.১৮- ২৬৭ তারিখঃ ১২/০৬/২০১৮ খ্রি.

বিষয়ঃ জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ এর কার্যক্রম সুষ্ঠুভাবে বাস্তবায়ন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, এ বছরে জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ আগামী জুলাই/২০১৮ মাসের তৃতীয় বা চতুর্থ সপ্তাহে সুষ্ঠভাবে উদযাপনের নিমিত্ত মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সারসংক্ষেপ অনুমোদিত হয়েছে। এবারের জাতীয় মৎস্য সপ্তাহ উপলক্ষে জাতীয় কমিটির সভায় নিম্নে উল্লিখিত শ্লোগান নির্বাচন করা হয়েছে-

"স্বয়ংসম্পূর্ণ মাছের দেশ
বঙ্গবন্ধুর বাংলাদেশ "

মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ এর কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে অনুমোদিত জেলা/উপজেলা ও পার্বত্য জেলা কমিটি, শ্লোগান এবং জেলা/উপজেলা কর্মসূচি আপনার অধীনস্ত সংশ্লিষ্ট দপ্তরসমুহে যথাযথভাবে বাস্তবায়নের জন্য এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

সংযুক্তি:

১. জেলা/উপজেলা পর্যায়ের অনুমোদিত কর্মসূচি এবং
২. অনুমোদিত জেলা/উপজেলা ও পার্বত্য জেলা কমিটি।

১২/৬/১৮
(মো: গোলজার হোসেন)
মহাপরিচালক (অতিঃ দায়িত্ব)
ফোনঃ ০২-৯৫৬২৮৬১
ই-মেইল: dg@fisheries.gov.bd

উপপরিচালক, মৎস্য অধিদপ্তর
ঢাকা বিভাগ, ঢাকা/ চট্টগ্রাম বিভাগ, কুমিল্লা/ খুলনা বিভাগ, খুলনা/
রাজশাহী বিভাগ, রাজশাহী/ রংপুর বিভাগ, রংপুর/ সিলেট বিভাগ, সিলেট/
বরিশাল বিভাগ, বরিশাল/ ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

১. মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য)
২. সচিব মহোদয়ের একান্ত সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

সদয় অবগতি ও কার্যার্থে বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)-

১. মাননীয় সভাপতি, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি, বাংলাদেশ জাতীয় সংসদ সচিবালয়, ঢাকা
২. মাননীয় চেয়ারম্যান ও সভাপতি, পার্বত্য জেলা পরিষদ, রাঙ্গামাটি/খাগড়াছড়ি/বান্দরবান, জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ বাস্তবায়ন সংক্রান্ত পার্বত্য জেলা কমিটি
৩. মাননীয় সংসদ সদস্য ও উপদেষ্টা, জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ বাস্তবায়ন সংক্রান্ত জেলা ও উপজেলা কমিটি (সকল)
৪. চেয়ারম্যান, জেলা পরিষদ (সকল)
৫. অতিরিক্ত মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা
৬. পরিচালক (রিজার্ভ)/ প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পরিকল্পনা ও জরীপ)/ (মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা
৭. পরিচালক, মৎস্য প্রশিক্ষণ একাডেমী, সাভার, ঢাকা/ সামুদ্রিক মৎস্য দপ্তর, চট্টগ্রাম
৮. জেলা প্রশাসক ও সভাপতি, জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ বাস্তবায়ন সংক্রান্ত জেলা কমিটি (পার্বত্য জেলা ব্যতিত)
৯. উপপরিচালক, প্রশাসন/ মৎস্যচাষ/অর্থ ও পরিকল্পনা/ ফিল্ড সার্ভিস/চিংড়ি/রিজার্ভ, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা/ মৎস্য পরিদর্শন ও মাননিয়ন্ত্রণ (ঢাকা/চট্টগ্রাম/খুলনা)
১০. কোয়ালিটি অ্যাস্যুরেন্স ম্যানেজার, মাননিয়ন্ত্রণ ল্যাব, ঢাকা/চট্টগ্রাম/খুলনা
১১. অধ্যক্ষ, মৎস্য প্রশিক্ষণ ইনস্টিটিউট, চাঁদপুর/ প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা, সামুদ্রিক মৎস্য জরীপ ব্যবস্থানা ইউনিট, আগ্রাবাদ, চট্টগ্রাম
১২. প্রকল্প পরিচালক/ প্রকল্প সমন্বয়কারী পরিচালক/ পরিচালক (পিআইইউ)/ কর্মসূচি সমন্বয়কার.................................................. (সকল)
১৩. উপপরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর, মৎস্য ভবন, রমনা, ঢাকা
১৪. জেলা মৎস্য কর্মকর্তা ও সদস্য সচিব, জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ বাস্তবায়ন সংক্রান্ত জেলা কমিটি.......................................................... (সকল) (তাঁকে জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ এর কর্মসূচি, শ্লোগান এবং কমিটির পত্র মাননীয় সংসদ সদস্য এবং জেলা প্রশাসকসহ কমিটির সদস্যগণের নিকট প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)
১৫. উপজেলা চেয়ারম্যান ও উপদেষ্টা, জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটি,.................................... (সকল)
১৬. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটি.................................. (সকল)
১৭. উর্দ্ধতন বৈজ্ঞানকি কর্মকর্তা/ অধ্যক্ষ/.......................................................................................................
১৮. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা/ উপজেলা মৎস্য কর্মকর্তা ও সদস্য সচিব, জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ বাস্তবায়ন সংক্রান্ত উপজেলা কমিটি......................... (সকল)। (তাঁকে জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ এর কর্মসূচি, শ্লোগান এবং কমিটির পত্র মাননীয় সংসদ সদস্য, উপজেলা চেয়ারম্যান এবং উপজেলা নির্বাহী অফিসারসহ কমিটির সদস্যগণের নিকট প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো)
১৯. খামার ব্যবস্থাপক.......................................................................................................
২০. দপ্তর নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-২ অধিশাখা।
www.mofl.gov.bd

নং-৩৩.০০.০০০০.১২৭.০৯.০০৪.১৮-১১৪

তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ / ০৭ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

বিষয়ঃ "জাতীয় মৎস্য সপ্তাহ-২০১৮" এ উপলক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী প্রেরণ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে, "জাতীয় মৎস্য সপ্তাহ-২০১৮ উদযাপন উপলক্ষ্যে কর্মসূচি চূড়ান্তকরণের জন্য গত ২০/০৫/২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ১০( দশ) পাতা।

৭.৬.২০১৮
(মো: আবু বকর সিদ্দিক)
উপসচিব
ফোন-৯৫৪০০৮১
ই-মেইলঃ fisheries-2@mofl.gov.bd

মহাপরিচালক
মৎস্য অধিদপ্তর
মৎস্য ভবন, রমনা, ঢাকা।

নং-৩৩.০০.০০০০.১২৭.০৯.০০৪.১৮-১১৪(১)

তারিখঃ ২৪ জ্যৈষ্ঠ ১৪২৫ বঙ্গাব্দ / ০৭ জুন ২০১৮ খ্রিস্টাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

০১। যুগ্ম-সচিব (মৎস্য) এর ব্যক্তিগত কর্মকর্তা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় (যুগ্ম-সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।

(মো: আবু বকর সিদ্দিক)
উপসচিব

F:\sadia 2018\Fish week 2018\latter.docx

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
মৎস্য-২ অধিশাখা

**"জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮" উদযাপন উপলক্ষে কর্মসূচি চুড়ান্তকরণের জন্য অনুষ্ঠিত জাতীয় কমিটির প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী-**

| | |
|---|---|
| সভাপতিঃ | জনাব নারায়ন চন্দ্র চন্দ এম.পি<br>মাননীয় মন্ত্রী<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় |
| তারিখঃ | ২০/০৫/২০১৮ খ্রিঃ |
| সময়ঃ | দুপুর ১২.৩০ ঘঃ |
| স্থানঃ | সচিবালয় ভবন নং-৬<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ নং-৫১২। |

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক'-তে দেয়া হলো।

সভাপতি উপস্থিত সম্মানিত সদস্যগণকে স্বাগত জানিয়ে সভা আরম্ভ করেন। তিনি সভার কার্যক্রম শুরু করার জন্য সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়কে আহবান করেন। সচিব সভায় জানান যে, মৎস্য ও মৎস্যজাত পণ্যের উৎপাদন বৃদ্ধি ও প্রাণিপুষ্টির উৎস হিসেবে উহার গুরুত সম্পর্কে উদ্বুদ্ধ ও সচেতনতা বৃদ্ধির জন্য প্রতি বছর জাতীয় মৎস্য সপ্তাহ উদযাপন করা হয়ে থাকে। এ বছরে জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ আগামী জুলাই/২০১৮ মাসের তৃতীয় বা চতুর্থ সপ্তাহে সুষ্ঠুভাবে উদযাপনের নিমিত্ত মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক সারসংক্ষেপ অনুমোদিত হয়েছে। তিনি সভার কার্যপত্র অনুযায়ী জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ উদযাপনের কেন্দ্রিয়, জেলা/ উপজেলা পর্যায়ের কর্মসূচি চুড়ান্তকরণ, শ্লোগান নির্ধারণ এবং জেলা ও উপজেলা কমিটি গঠন বিষয়ে আলোচনা করার জন্য মৎস্য অধিদপ্তরের মহাপরিচালক-কে অনুরোধ জানান। মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর জানান যে, মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক বঙ্গভবন পুকুরে মাছের পোনা অবমুক্তকরণ, বাংলাদেশ জাতীয় সংসদ ভবন লেকে মাছের পোনা অবমুক্তকরণ, কেন্দ্রিয় মৎস্য মেলা'র উদ্বোধন, ধানমন্ডি লেকে মাছের পোনা অবমুক্তকরণ, বিএফআরআই আয়োজিত মৎস্য প্রযুক্তি মেলার এবং সেমিনার উদ্বোধন বিষয়ে কর্মপরিকল্পনা করা হয়েছে। মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক উদ্বোধনী অনুষ্ঠানের তারিখ ও সময় প্রদানের পর উদ্বোধনী অনুষ্ঠানের ভ্যেনু নির্বাচন করার বিষয়টি নির্ধারণ করা হবে মর্মে সভাকে অবহিত করেন। অত:পর আলোচ্যসূচি মোতাবেক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

১. **জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ কেন্দ্রিয়, জেলা ও উপজেলা কর্মসূচিঃ**

মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ সুষ্ঠুভাবে উদযাপনের নিমিত্ত কেন্দ্রিয়, জেলা ও উপজেলা খসড়া কর্মসূচি সভায় উপস্থাপন করেন। এ প্রসঙ্গে সচিব মহোদয় জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ উদযাপন উপলক্ষে কেন্দ্রিয় কর্মসূচির অংশ হিসেবে বাংলাদেশ শ্রিম্প এন্ড ফিস ফাউন্ডেশন (বিএসএফএফ) সহযোগিতায় মৎস্য অধিদপ্তরের উদ্যোগে মৎস্য ও মৎস্যজাত পণ্য রপ্তানি, ব্লু ইকোনমি এবং মৎস্যচাষ বিষয়ক জাতীয় সেমিনার আয়োজনের ব্যাপারে সভায় প্রস্তাব উপস্থাপন করেন। সভায় উপস্থিত সদস্যগণ ইহাতে একমত পোষণ করেন।

সিদ্ধান্তঃ

১.১ জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ বাস্তবায়নের জন্য প্রস্তাবিত কেন্দ্রিয় কর্মসূচি (পরিশিষ্ট-খ) এবং জেলা ও উপজেলা কর্মসূচি (পরিশিষ্ট-গ) সভায় অনুমোদিত হয়।

১.২ জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ উদযাপন উপলক্ষে কেন্দ্রিয় কর্মসূচির অংশ হিসেবে বাংলাদেশ শ্রিম্প এন্ড ফিস ফাউন্ডেশন (বিএসএফএফ) এর সহযোগিতায় মৎস্য অধিদপ্তরের উদ্যোগে মৎস্য ও মৎস্যজাত পণ্য রপ্তানি, ব্লু ইকোনমি এবং মৎস্যচাষ বিষয়ক জাতীয় সেমিনার বিএসএফএফ আয়োজন করবে।

১.৩ জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ উদযাপন উপলক্ষে মাৎস্য বিজ্ঞান অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ কর্তৃক র‍্যালি, পোনামাছ অবমুক্তি ও সেমিনারের আয়োজন করবে।

১.৪ জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ সফল বাস্তবায়নের নিমিত্ত সকল জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারকে নির্দেশনা প্রদানের জন্য মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাধ্যমে মন্ত্রিপরিষদ বিভাগকে অনুরোধ জানানো হবে।

২. **কেন্দ্রিয়/জেলা পর্যায়ে মৎস্য মেলা ২০১৮ এবং বিএফআরআই কর্তৃক মৎস্য প্রযুক্তি মেলা ২০১৮ আয়োজনঃ**

মৎস্যচাষ ও মৎস্য ব্যবস্থাপনা সম্পর্কিত বিভিন্ন প্রযুক্তি প্রদর্শন এবং মৎস্য ও মৎস্যজাত পণ্য প্রদর্শন, বিক্রয় ইত্যাদি কার্যক্রম পরিচালনার জন্য ঢাকায় কেন্দ্রিয় মৎস্য মেলা আয়োজনের নিমিত্ত বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তঃ

২.১ মৎস্য অধিদপ্তরের উদ্যোগে কেআইবি চত্বরে ০৫ (পাঁচ) দিন ব্যাপি কেন্দ্রিয় মৎস্য মেলা আয়োজন করা হবে। কেন্দ্রিয় মৎস্য মেলার উদ্বোধনী অনুষ্ঠানের প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকার জন্য অর্থ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী মহোদয়কে অনুরোধ জ্ঞাপন করা হবে।

২.২ কেন্দ্রিয় মৎস্য মেলা অনুষ্ঠানের ভেন্যু বরাদ্দ প্রাপ্তির জন্য মৎস্য অধিদপ্তর প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে।

২.৩ জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ উদযাপনের ৪র্থ দিনে বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, ময়মনসিংহ কর্তৃক ময়মনসিংহে ০৫ দিন ব্যাপী মৎস্য প্রযুক্তি মেলা উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী মহোদয়কে অনুরোধ জ্ঞাপন করতে হবে। বিএফআরআই এর মহাপরিচালক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

২.৪ মহাপরিচালক, বিএফআরআই স্থানীয় মাননীয় মন্ত্রী/ মাননীয় প্রতিমন্ত্রী/ মাননীয় সংসদ সদস্য এর উপস্থিতিতে বিএফআরআই এর পাঁচটি উপকেন্দ্রে ০৩ (তিন) দিন ব্যাপি মৎস্য প্রযুক্তি মেলার আয়োজন করবেন।

২.৫ জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ উপলক্ষে জেলা মৎস্য দপ্তর কর্তৃক জেলা পর্যায়ে ০৩ (তিন) দিন ব্যাপি মৎস্য মেলার আয়োজন করবে।

৩. জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ এর প্রতিপাদ্য বিষয় ও শ্লোগান নির্বাচনঃ

মৎস্য অধিদপ্তর, বিভাগ, জেলা/উপজেলা হতে প্রাপ্ত বিভিন্ন শ্লোগান মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর সভায় উপস্থাপন করেন। উপস্থিত সদস্যগণ এ বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। বিস্তারিত আলোচনান্তে **"স্বয়ংসম্পূর্ণ মাছের দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ"** এবারের মৎস্য সপ্তাহের শ্লোগান হিসেবে গ্রহণের জন্য সদস্যগণ একমত পোষণ করেন।

সিদ্ধান্তঃ

৩.১ জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ এর শ্লোগান হিসেবে **"স্বয়ংসম্পূর্ণ মাছের দেশ, বঙ্গবন্ধুর বাংলাদেশ"** সভায় সর্ব সম্মতিতে গৃহীত হয়।

৪. জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ উদযাপনে জেলা কমিটি, পার্বত্য জেলা কমিটি ও উপজেলা কমিটি অনুমোদনঃ

বিভিন্ন কমিটির রূপরেখা মৎস্য অধিদপ্তরের মহাপরিচালক সভায় উপস্থাপন করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। সভায় বিগত বছরের জেলা কমিটি, পার্বত্য জেলা কমিটি ও উপজেলা কমিটিতে কতিপয় সংশোধনী গৃহীত হয়।

সিদ্ধান্তঃ

৪.১ জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ উদযাপনে ২০১৭ সালে অনুমোদিত জেলা কমিটি, পার্বত্য জেলা কমিটি ও উপজেলা কমিটি সংশোধিত আকারে (পরিশিষ্ট-ঘ) অনুমোদিত হয়। এ বিষয়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় প্রয়োজনীয় পরিপত্র জারী করবে।

৫. জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ এর উদ্বোধনী দিবসে ক্রোড়পত্র প্রকাশঃ

এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনার পর প্রতি বছরের মতো এ বছরও মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী এবং সচিব মহোদয় এর বাণী সম্বলিত ক্রোড়পত্র প্রকাশের পক্ষে মতামত ব্যক্ত করা হয়।

সিদ্ধান্তঃ

৫.১ ক্রোড়পত্রে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রী এবং সচিব মহোদয়ের বাণী প্রকাশ করা হবে।

৫.২ জাতীয় দৈনিক পত্রিকা; ১. The Daily Star ২. দৈনিক যুগান্তর ৩. বাংলাদেশ প্রতিদিন ৪. ভোরের কাগজ এ উক্ত ক্রোড়পত্র প্রকাশ করা হবে।

৬. জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ এর কর্মসূচি চলাকালীন সময়ে ইলেকট্রনিক ও প্রিন্ট মিডিয়াতে প্রচারের ব্যবস্থা করাঃ

উদ্বোধনী অনুষ্ঠান ও গণভবন লেকে মাননীয় প্রধানমন্ত্রীর কর্মসূচি বিটিভি ও বাংলাদেশ বেতারে সরাসরি সম্প্রচারের বিষয়ে আলোচনা হয়। এ ছাড়া বর্তমান সরকারের মৎস্য খাতের বিশেষ বিশেষ সাফল্যের প্রামাণ্যচিত্র প্রদর্শনের বিষয়ে আলোচনা হয়। তথ্য অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর এর সহযোগিতায় মৎস্য চাষ জনপ্রিয় করা এবং মৎস্যসম্পদ সংরক্ষণের ব্যাপারে প্রচার চালানোর লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার জন্য সভায় আলোচনা হয়। এছাড়াও বিভিন্ন বেসরকারি টিভি চ্যানেলে মৎস্য সপ্তাহের তাৎপর্য তুলে ধরে আলোচনামূলক অনুষ্ঠান এবং টিভি স্ক্রলে প্রচারের বিষয়ে আলোচনা হয়।

সিদ্ধান্তঃ

৬.১ উদ্বোধনী অনুষ্ঠান ও গণভবন লেকে মাননীয় প্রধানমন্ত্রীর পোনামাছ অবমুক্তি কর্মসূচি বিটিভি ও বাংলাদেশ বেতারে সরাসরি সম্প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ ব্যাপারে সচিব, তথ্য মন্ত্রণালয়; মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন; মহাপরিচালক, বাংলাদেশ বেতার-কে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে পত্র প্রেরণ করতে হবে।

৬.২ বর্তমান সরকারের মৎস্য খাতের বিশেষ বিশেষ সাফল্যের প্রামাণ্যচিত্র (অনুর্ধ ৪ মিনিট সময়কাল) উদ্বোধনী অনুষ্ঠান, বিভিন্ন মিডিয়াতে এবং জেলা/উপজেলায় প্রদর্শনের ব্যবস্থা নিতে হবে।

৬.৩ মৎস্য অধিদপ্তর, গণযোগাযোগ অধিদপ্তর ও মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর জাতীয় মৎস্য সপ্তাহের কার্যক্রম ব্যাপক প্রচারণার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।

৬.৪ বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারের পাশাপাশি বেসরকারি টেলিভিশন ও কমিউনিটি রেডিওতে যথাযথ প্রচার কার্যক্রমের জন্য তথ্য মন্ত্রণালয়ে অনুরোধ করে পত্র প্রেরণ করা হবে। বাংলাদেশ টেলিভিশন সহ বেসরকারি টেলিভিশন চ্যানেলে মৎস্য সপ্তাহের তাৎপর্য নিয়ে টকশো ও টিভি স্ক্রলে প্রচারের উদ্যোগ গ্রহণ করতে হবে।

৬.৫ মৎস্য অধিদপ্তর কর্তৃক নির্মিত বর্তমান সরকারের মৎস্য খাতের বিশেষ বিশেষ সাফল্যের প্রামাণ্যচিত্র ঢাকা মহানগরসহ (ফার্মগেট, বাহাদুরশাহ পার্ক) জেলা, উপজেলা পর্যায়ে প্রদর্শনের লক্ষ্যে গণযোগাযোগ অধিদপ্তর এবং চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৬.৬ গৃহীত কর্মসূচি বহুল প্রচারের জন্য মোবাইলে এসএমএস প্রেরণের বিষয়ে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় কর্তৃক চেয়ারম্যান, বিটিআরসি-কে পত্র প্রেরণ করবে। এ বিষয়ে মৎস্য অধিদপ্তর টেক্সট প্রস্তুত করে মন্ত্রণালয়ে প্রেরণ করবে।

জেলা/ উপজেলা পর্যায়ে জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ এর সকল কর্মসূচিতে উক্ত নির্বাচনী এলাকার মাননীয় মন্ত্রী/ প্রতিমন্ত্রী/ সংসদ সদস্যসহ অন্যান্য সকল জনপ্রতিনিধি, মৎস্যজীবী-জেলে, মৎস্যচাষিদেরকে সম্পৃক্ত করার জন্য সভাপতি সংশ্লিষ্ট সকলকে আহবান জানান। তিনি জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ এর কর্মসূচির অংশ হিসেবে প্রতি উপজেলায় মাছের পোনা সংশ্লিষ্ট মাননীয় সংসদ সদস্য, উপজেলা চেয়ারম্যান, অন্যান্য জনপ্রতিনিধি ও সরকারি কর্মকর্তাগণের উপস্থিতিতে অবমুক্তকরণসহ সপ্তাহটি যথাযথভাবে উদযাপনের প্রয়োজনীয় সকল প্রস্তুতি গ্রহণের জন্য অনুরোধ জানান।

৭. পরিশেষে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্ত করেন।

২০/০৬/১৮

(নারায়ন চন্দ্র চন্দ এম.পি)
মাননীয় মন্ত্রী
মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

পরিশিষ্ট-খ

# জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ এর কর্মসূচি

(……… জুলাই ২০১৮)

কেন্দ্রিয় কর্মসূচি:

| দিন ও তারিখ | সময় | কার্যক্রম | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ম দিন<br>------ | ০৮.০০ ঘঃ | • জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ উপলক্ষে সড়ক র‍্যালি<br>মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, মৎস্য অধিদপ্তর, বিএফআরআই, বিএফডিসি এর কর্মকর্তা-কর্মচারিবৃন্দ, বিশ্ববিদ্যালয়ের শিক্ষক-ছাত্র-ছাত্রীবৃন্দ, মৎস্যজীবী, জেলে, আওয়ামী মৎস্যজীবী লীগ, জাতীয় মৎস্যজীবী সমিতি, বাংলাদেশ ক্ষুদ্র মৎস্যজীবী জেলে সমিতি, মৎস্যজীবী উপজাতি ও হতদরিদ্র উন্নয়ন সোসাইটি এবং অন্যান্য মৎস্যজীবী/জেলে সংগঠনের প্রতিনিধি, মৎস্য চাষি, মৎস্য ব্যবসায়ীসহ অন্যান্য সরকারি-বেসরকারি সংস্থার কর্মকর্তা-কর্মচারি ও সর্বসাধারণের অংশগ্রহণে র‍্যালি | মৎস্য ভবন হতে প্রেস ক্লাব, সচিবালয় হয়ে মুক্তাংগন পর্যন্ত | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং মৎস্য অধিদপ্তর |
| | ১১.০০ ঘঃ | • জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ উপলক্ষে প্রেস ব্রিফিং<br>প্রধান অতিথি-<br>- জনাব নারায়ন চন্দ্র চন্দ এমপি<br>মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়<br>বিশেষ অতিথি-<br>- জনাব মোঃ রইছউল আলম মন্ডল<br>সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়<br>সভাপতি-<br>- জনাব মোঃ গোলজার হোসেন<br>মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ | মৎস্য অধিদপ্তরের সভাকক্ষ (২য় তলা), মৎস্য ভবন, ঢাকা | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, মৎস্য অধিদপ্তর এবং মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর |
| ২য় দিন<br>------ | ১০.০০ ঘঃ | • জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ এর আনুষ্ঠানিক শুভ উদ্বোধন<br>প্রধান অতিথি-<br>- শেখ হাসিনা এমপি<br>মাননীয় প্রধানমন্ত্রী, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার<br>বিশেষ অতিথি -<br>- বেগম মতিয়া চৌধুরী এমপি<br>মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়<br>- জনাব মীর শওকাত আলী বাদশা এমপি<br>সভাপতি, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি<br>বাংলাদেশ জাতীয় সংসদ<br>সভাপতি-<br>- জনাব নারায়ন চন্দ্র চন্দ এমপি<br>মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়<br>• উদ্বোধনী অনুষ্ঠানক্রমঃ<br>○ প্রামাণ্য চিত্র প্রদর্শন- মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি ও সাফল্য বিষয়ে অনূর্ধ ৪ (চার) মিনিটের একটি প্রামাণ্যচিত্র<br>○ স্বাগত ভাষণ-<br>- জনাব জনাব মোঃ রইছউল আলম মন্ডল<br>সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়<br>○ বিশেষ অতিথির ভাষণ-<br>- জনাব মীর শওকাত আলী বাদশা এমপি<br>সভাপতি, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি<br>বাংলাদেশ জাতীয় সংসদ<br>- বেগম মতিয়া চৌধুরী এমপি<br>মাননীয় মন্ত্রী, কৃষি মন্ত্রণালয়<br>○ সভাপতির ভাষণ<br>○ মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক জাতীয় মৎস্য পুরস্কার ২০১৮ প্রদান<br>পুরস্কার বিতরণ পর্ব উপস্থাপনা-<br>জনাব মোঃ গোলজার হোসেন<br>মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ<br>○ মাননীয় প্রধান অতিথির ভাষণ- | কৃষিবিদ ইনস্টিটিউশন বাংলাদেশ (কেআইবি), কৃষি খামার সড়ক, ফার্মগেট, ঢাকা | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং মৎস্য অধিদপ্তর |

পরিশিষ্ট-খ

# জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ এর কর্মসূচি

(……… জুলাই ২০১৮)

কেন্দ্রিয় কর্মসূচি:

| দিন ও তারিখ | সময় | কার্যক্রম | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| | ১১.০০ ঘঃ | • মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ উপলক্ষে গণভবন লেকে মাছের পোনা অবমুক্তকরণ | গণভবন লেক | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং মৎস্য অধিদপ্তর |
| | | • বহুল প্রচারিত জাতীয় ০৪ (চার) টি দৈনিক পত্রিকায় ক্রোড়পত্র প্রকাশ-<br>- The Daily Observer, দৈনিক যুগান্তর, বাংলাদেশ প্রতিদিন ও ভোরের কাগজ | ঢাকা | মৎস্য অধিদপ্তর |
| ৩য় দিন<br>------ | ১০.০০ ঘঃ | • বাংলাদেশ জাতীয় সংসদ ভবন এর লেকে মাছের পোনা অবমুক্তকরণ কর্মসূচি<br>প্রধান অতিথি-<br>- ড. শিরীন শারমিন চৌধুরী এমপি<br>মাননীয় স্পীকার, বাংলাদেশ জাতীয় সংসদ<br>বিশেষ অতিথি -<br>- জনাব নারায়ন চন্দ্র চন্দ এমপি<br>মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় | বাংলাদেশ জাতীয় সংসদ ভবন, ঢাকা | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং মৎস্য অধিদপ্তর |
| | ১৬.০০ ঘঃ | • জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ উপলক্ষে ৫দিন ব্যাপি কেন্দ্রিয় মৎস্য মেলার আনুষ্ঠানিক উদ্বোধন<br>প্রধান অতিথি-<br>- জনাব আবুল মাল আবদুল মুহিত এমপি<br>মাননীয় মন্ত্রী, অর্থ মন্ত্রণালয়<br>বিশেষ অতিথি<br>- জনাব নারায়ন চন্দ্র চন্দ এমপি<br>মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়<br>- জনাব মোঃ রইছউল আলম মন্ডল<br>সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়<br>সভাপতি<br>- জনাব মোঃ গোলজার হোসেন<br>মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ | কেআইবি চত্বর, কৃষি খামার সড়ক, ফার্মগেইট, ঢাকা | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং মৎস্য অধিদপ্তর |
| ৪র্থ দিন<br>---- | ১৫.০০ ঘঃ | • জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ উপলক্ষে ০৫ (পাঁচ) দিন ব্যাপি মৎস্য প্রযুক্তি মেলা উদ্বোধন<br>প্রধান অতিথি-<br>- অধ্যক্ষ মতিউর রহমান<br>মাননীয় মন্ত্রী, ধর্ম বিষয়ক মন্ত্রণালয় | সার্কিট হাউজ মাঠ, ময়মনসিংহ | বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট (বিএফআরআই) |
| | | • জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ উপলক্ষে বিএফআরআই এর পাঁচটি উপকেন্দ্রে ০৩ (তিন) দিন ব্যাপি মৎস্য প্রযুক্তি মেলা<br>প্রধান অতিথি-<br>- স্থানীয় মাননীয় মন্ত্রী/ মাননীয় প্রতিমন্ত্রী/ মাননীয় সংসদ সদস্য | রাঙ্গামাটি/ যশোর/ সৈয়দপুর/ সান্তাহার, বগুড়া/ খেপুপাড়া, পটুয়াখালী | |
| ৫ম দিন<br>---- | ১২.০০ ঘঃ | • মাননীয় সংসদ সদস্য ব্যারিস্টার শেখ ফজলে নূর তাপস এমপি কর্তৃক ধানমন্ডি লেকে মাছের পোনা অবমুক্তকরণ | ধানমন্ডি লেক, ঢাকা | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং মৎস্য অধিদপ্তর |

# জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ এর কর্মসূচি

(.........জুলাই ২০১৮)

কেন্দ্রিয় কর্মসূচি:

| দিন ও তারিখ | সময় | কার্যক্রম | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ৬ষ্ঠ দিন<br>----- | ১৫.০০ ঘঃ | • জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ উপলক্ষে Bangladesh Fisheries and Aquaculture: Potentials and Challenges for Development and Exports বিষয়ক সেমিনার<br><br>প্রধান অতিথি-<br>- জনাব নারায়ন চন্দ্র চন্দ এমপি<br>মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়<br>বিশেষ অতিথি-<br>- ..........................<br>সভাপতি<br>- জনাব মোঃ গোলজার হোসেন<br>মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ | ................ | বাংলাদেশ শ্রিম্প এন্ড ফিস ফাউন্ডেশন (বিএসএফএফ) |
| | ১৬.০০ ঘঃ | • জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ উপলক্ষে বিভিন্ন স্কুল-কলেজ/ জনবহুল স্থান ও মাছের আড়তে আলোচনা সভা/ ভিডিও প্রদর্শনী | ঢাকা মহানগরীর বিভিন্ন স্কুল-কলেজ, পার্ক, জনবহুল স্থান ও মাছের আড়ত | উপপরিচালক, মৎস্য অধিদপ্তর, ঢাকা বিভাগ এবং জেলা মৎস্য কর্মকর্তা, ঢাকা |
| | | • মৎস্য অধিদপ্তর কর্তৃক নির্মিত বর্তমান সরকারের মৎস্য খাতের বিশেষ বিশেষ সাফল্যের তথ্যচিত্র ঢাকা মহানগরসহ জেলা, উপজেলা পর্যায়ে প্রদর্শনী | ঢাকা মহানগরীসহ (ফার্মগেট, বাহাদুর শাহ পার্ক) দেশের সকল জেলা ও উপজেলা | গণযোগাযোগ অধিদপ্তর এবং চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর |
| ৭ম দিন<br>------ | ১১.০০ ঘঃ | • জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ উপলক্ষে র‍্যালি, পোনামাছ অবমুক্তি ও সেমিনার | মাৎস্য বিজ্ঞান অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়,ময়মনসিংহ | মাৎস্য বিজ্ঞান অনুষদ, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ |
| | ১৫.০০ ঘঃ | • মহামান্য রাষ্ট্রপতি কর্তৃক বঙ্গভবন পুকুরে মাছের পোনা অবমুক্তকরণ | বঙ্গভবন, ঢাকা | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং মৎস্য অধিদপ্তর |
| | ১৯.০০ ঘঃ | • সমাপনী অনুষ্ঠানে জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ এর মূল্যায়ন, পুরস্কার বিতরণ ও সাংস্কৃতিক অনুষ্ঠান<br><br>প্রধান অতিথি -<br>- জনাব নারায়ন চন্দ্র চন্দ এমপি<br>মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়<br>বিশেষ অতিথি -<br>- জনাব মোঃ রইছউল আলম মন্ডল<br>সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়<br>সভাপতি-<br>- জনাব মোঃ গোলজার হোসেন<br>মহাপরিচালক, মৎস্য আধিদপ্তর বাংলাদেশ | শিল্পকলা একাডেমি/ জাতীয় জাদুঘর মিলনায়তন | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং মৎস্য অধিদপ্তর |

বিশেষ দ্রষ্টব্য:

- উদ্বোধনী অনুষ্ঠান বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারে সরাসরি সম্প্রচারের জন্য তথ্য মন্ত্রণালয় প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে।
- বিটিভিতে প্রচারের উদ্দেশ্যে .......................খ্রি: তারিখ সন্ধ্যা .............টার সময় বিটিভি'র স্টুডিওতে টকশো'র রেকর্ডিং হবে। অংশগ্রহণ করবেন: মাননীয় মন্ত্রী, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়; সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এবং মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর বাংলাদেশ।
- বাংলাদেশ বেতারে সম্প্রচারের উদ্দেশ্যে ................ খ্রি. তারিখ সন্ধ্যা ............. টার সময় বাংলাদেশ বেতারের স্টুডিওতে টক শো রেকর্ডিং করা হবে। অংশগ্রহণ করবেন: ..................মহাপরিচালক, বিএফআরআই ও ........................ মৎস্য অধিদপ্তর।
- জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ এর কর্মসূচি মিডিয়া কাভারেজ/ব্যাপক প্রচারের লক্ষ্যে তথ্য মন্ত্রণালয়/ গণযোগাযোগ অধিদপ্তর/ মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবে।
- কেন্দ্রিয় কর্মসূচির অংশ হিসেবে বাংলাদেশ টেলিভিশন ও বাংলাদেশ বেতারে টকশো আয়োজনে উপপরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।

# জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮

(...... হতে..... জুলাই ২০১৮)

জেলা/উপজেলা কর্মসূচি:

| দিন ও তারিখ | কার্যক্রম | স্থান | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ১ম দিন<br>---- | • জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ উপলক্ষে সংবাদ সম্মেলন/ মত বিনিময় এবং জেলা/ উপজেলায় মাইকিং এর মাধ্যমে ব্যাপক প্রচারণা | জেলা/উপজেলা পর্যায় (সকল) | জেলা মৎস্য দপ্তর/ সিনিয়র /উপজেলা মৎস্য দপ্তর |
| ২য় দিন<br>----- | • ব্যানার ফেস্টুন সহযোগে সড়ক র‍্যালি ও উদ্বোধনী অনুষ্ঠান, আলোচনা সভা ও মাছের পোনা অবমুক্তকরণ | জেলা/উপজেলা পর্যায় (সকল) | জেলা মৎস্য দপ্তর/ সিনিয়র /উপজেলা মৎস্য দপ্তর |
| ৩য় দিন<br>---- | • মৎস্য সেক্টরে বর্তমান সরকারের অগ্রগতি বিষয়ে আলোচনা সভা ও প্রামাণ্যচিত্র প্রর্দশন | জেলা/উপজেলা পর্যায় (সকল) | জেলা মৎস্য দপ্তর/ সিনিয়র /উপজেলা মৎস্য দপ্তর |
| | • জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ উপলক্ষে ০৩ (তিন) দিন ব্যাপি মৎস্য মেলার আয়োজন | জেলা পর্যায় (সকল) | জেলা মৎস্য দপ্তর |
| ৪র্থ দিন<br>--- | • ফরমালিন বিরোধী অভিযান<br>• মৎস্য বিষয়ক আইন বাস্তবায়নে মোবাইল কোর্ট পরিচালনা | জেলা/উপজেলা পর্যায় (সকল) | জেলা মৎস্য দপ্তর/ সিনিয়র /উপজেলা মৎস্য দপ্তর |
| ৫ম দিন<br>--- | • বিভিন্ন স্কুল-কলেজে মৎস্য চাষ বিষয়ক আলোচনা/ বিতর্ক প্রতিযোগিতা ও প্রামাণ্যচিত্র প্রদর্শন | বিভিন্ন স্কুল-কলেজ | জেলা মৎস্য দপ্তর/ সিনিয়র /উপজেলা মৎস্য দপ্তর |
| ৬ষ্ঠ দিন<br>---- | • হাটবাজার/জনবহুল স্থানে মৎস্য চাষ বিষয়ক উদ্বুদ্ধকরণ সভা ও ভিডিও/প্রামাণ্যচিত্র প্রদর্শন। | হাটবাজার/ জনবহুল স্থান | জেলা মৎস্য দপ্তর/ সিনিয়র /উপজেলা মৎস্য দপ্তর |
| ৭ম দিন<br>---- | • জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ মূল্যায়ন, পুরস্কার বিতরণ ও সমাপনী অনুষ্ঠান | জেলা/উপজেলা পর্যায় (সকল) | জেলা মৎস্য দপ্তর/ সিনিয়র /উপজেলা মৎস্য দপ্তর |

বিশেষ দ্রষ্টব্য:

- জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ শুরুর অন্তত: ৭ (সাত) দিন পূর্ব হতে ব্যাপক প্রচার-প্রচারণা (মাইকিং, পোস্টারিং) করতে হবে।
- সদর উপজেলার কর্মসূচি সংশ্লিষ্ট জেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়ের সাথে পালিত হবে।
- জেলা মৎস্য কর্মকর্তা, ঢাকা-এর কর্মসূচি কেন্দ্রিয় কর্মসূচির সাথে পালিত হবে।
- ঢাকা জেলার বিভিন্ন উপজেলার কর্মসূচিসমূহ যথারীতি বাস্তবায়িত হবে।
- জেলা/ উপজেলা পর্যায়ে (প্রযোজ্য ক্ষেত্রে) অবস্থিত কমিউনিটি রেডিও তে মৎস্য সপ্তাহ উপলক্ষে বিভিন্ন প্রচার-প্রচারণামূলক অনুষ্ঠান আয়োজনের উদ্যোগ গ্রহণ করতে হবে।
- বিভাগীয় দপ্তরের সাথে সমন্বয় করে সংশ্লিষ্ট জেলা মৎস্য দপ্তর জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ উদযাপন করবে।

১. জাতীয় মৎস্য সপ্তাহ ২০১৮ বাস্তবায়ন সম্পর্কিত জেলা ও উপজেলা কমিটি

জাতীয় মৎস্য সপ্তাহ বাস্তবায়ন সম্পর্কিত জেলা ও উপজেলা কমিটির গঠন নিম্নরূপঃ

(ক) জেলা কমিটিঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে প্রণীত নয়)

| | | |
|---|---|---|
| ১. | মাননীয় সংসদ সদস্যবৃন্দ/সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের মাননীয় মেয়র | উপদেষ্টা |
| ২. | জেলা প্রশাসক | সভাপতি |
| ৩. | সংশ্লিষ্ট জেলা পরিষদের চেয়ারম্যান | সদস্য |
| ৪. | পুলিশ সুপার | সদস্য |
| ৫. | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ৬. | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| ৭. | সরকারি/বেসরকারি কলেজের শিক্ষক (১ জন, জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৮. | সরকারি/বেসরকারি স্কুলের শিক্ষক (১ জন, জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৯. | উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক | সদস্য |
| ১০. | উপ-পরিচালক, বি.আর.ডি.বি | সদস্য |
| ১১. | উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর | সদস্য |
| ১২. | জেলা এডজুটেন্ট, বাংলাদেশ আনসার ও ভিডিপি | সদস্য |
| ১৩. | উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর | সদস্য |
| ১৪. | জেলা খাদ্য নিয়ন্ত্রক | সদস্য |
| ১৫. | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা | সদস্য |
| ১৬. | সদর উপজেলা পরিষদের চেয়ারম্যান | সদস্য |
| ১৭. | সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান | সদস্য |
| ১৮. | সদর উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান (মহিলা) | সদস্য |
| ১৯. | সদর উপজেলা নির্বাহী অফিসার | সদস্য |
| ২০. | সিনিয়র তথ্য অফিসার/জেলা তথ্য অফিসার | সদস্য |
| ২১. | বেতার/টিভির আঞ্চলিক কর্মকর্তা (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ২২. | বাংলাদেশ মৎস্য গবেষণা ইনষ্টিটিউট/ বিএফডিসি এর প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ২৩. | জেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ২৪. | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ২৫. | জেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| ২৬. | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ২৭. | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর | সদস্য |
| ২৮. | কমান্ডার, সংশ্লিষ্ট জেলা মুক্তিযোদ্ধা সংসদ | সদস্য |
| ২৯. | প্রেসক্লাবের সভাপতি/সাধারণ সম্পাদক | সদস্য |
| ৩০. | এনজিও প্রতিনিধি (১ জন, জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৩১. | জাতীয় মৎস্যজীবী সমিতির প্রতিনিধি | সদস্য |
| ৩২. | বাংলাদেশ ক্ষুদ্র মৎস্যজীবী জেলে সমিতির প্রতিনিধি | সদস্য |
| ৩৩. | বাংলাদেশ জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ এর প্রতিনিধি | সদস্য |
| ৩৪. | প্রকৃত মৎস্য চাষিদের প্রতিনিধি (১ জন, জেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৩৫. | জেলা মৎস্য কর্মকর্তা | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধিঃ

১। জেলা পর্যায়ের জন্য অনুমোদিত কর্মসূচি বাস্তবায়ন। প্রয়োজনবোধে নতুন কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন।
২। বাজেট বরাদ্দ অনুযায়ী ব্যয়ের তদারকী।
৩। কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে এবং উপ-কমিটি গঠন করতে পারবে।

খ) পার্বত্য জেলা কমিটিঃ (রাঙ্গামাটি, খাগড়াছড়ি ও বান্দরবান পার্বত্য জেলার জন্য)

| | | |
|---|---|---|
| ১. | মাননীয় চেয়ারম্যান, সংশ্লিষ্ট পার্বত্য জেলা পরিষদ | সভাপতি |
| ২. | মাননীয় সংসদ সদস্যবৃন্দ | উপদেষ্টা |
| ৩. | জেলা প্রশাসকের প্রতিনিধি | সদস্য |
| ৪. | পুলিশ সুপারের প্রতিনিধি | সদস্য |
| ৫. | পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের প্রতিনিধি | সদস্য |
| ৬. | প্রধান নির্বাহী কর্মকর্তা, স্থানীয় সরকার পরিষদ | সদস্য |
| ৭. | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ৮. | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| ৯. | সরকারি/বেসরকারি কলেজের শিক্ষক (১ জন, জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১০. | সরকারি/বেসরকারি স্কুলের শিক্ষক (১ জন, জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১১. | উপ-মহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক | সদস্য |
| ১২. | উপ-পরিচালক, বি.আর.ডি.বি | সদস্য |
| ১৩. | জেলা এডজুটেন্ট, বাংলাদেশ আনসার ও ভিডিপি | সদস্য |
| ১৪. | উপ-পরিচালক, সমাজসেবা অধিদপ্তর | সদস্য |
| ১৫. | উপ-পরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তরর | সদস্য |
| ১৬. | জেলা খাদ্য নিয়ন্ত্রক | সদস্য |
| ১৭. | জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা | সদস্য |
| ১৮. | সদর উপজেলা নির্বাহী অফিসার | সদস্য |
| ১৯. | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, সদর উপজেলা | সদস্য |
| ২০. | জেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| ২১. | জেলা শিক্ষা অফিসার | সদস্য |
| ২২. | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ২৩. | জেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ২৪. | সিনিয়র তথ্য অফিসার/জেলা তথ্য অফিসার | সদস্য |
| ২৫. | বেতার/টিভির আঞ্চলিক কর্মকর্তা (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ২৬. | বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট/বি এফ ডি সি এর প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ২৭. | কমান্ডার, সংশ্লিষ্ট জেলা মুক্তিযোদ্ধা সংসদ | সদস্য |
| ২৮. | প্রেসক্লাব সভাপতি/সাধারণ সম্পাদক | সদস্য |
| ২৯. | এনজিও প্রতিনিধি (১ জন, জেলা প্রশাসক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৩০. | জাতীয় মৎস্যজীবী সমিতির প্রতিনিধি | সদস্য |
| ৩১. | বাংলাদেশ ক্ষুদ্র মৎস্যজীবী জেলে সমিতির প্রতিনিধি | সদস্য |
| ৩২. | বাংলাদেশ জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ এর প্রতিনিধি | সদস্য |
| ৩৩. | প্রকৃত মৎস্য চাষিদের প্রতিনিধি (১ জন, জেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৩৪. | জেলা মৎস্য কর্মকর্তা | সদস্য সচিব |

কমিটির কার্যপরিধিঃ

১। জেলা পর্যায়ের জন্য অনুমোদিত কর্মসূচি বাস্তবায়ন। প্রয়োজনবোধে নতুন কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন।

২। বাজেট বরাদ্দ অনুযায়ী ব্যয়ের তদারকী।

৩। কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে এবং উপ-কমিটি গঠন করতে পারবে।

(গ) উপজেলা কমিটিঃ

| | | |
|---|---|---|
| ১. | মাননীয় সংসদ সদস্য | উপদেষ্টা |
| ২. | উপজেলা চেয়ারম্যান | উপদেষ্টা |
| ৩. | উপজেলা নির্বাহী কর্মকর্তা | সভাপতি |
| ৪. | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| ৫. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| ৬. | সরকারি/বেসরকারি কলেজের শিক্ষক (১ জন, উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৭. | সরকারি/বেসরকারি স্কুলের শিক্ষক (১ জন, উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৮. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ৯. | থানার অফিসার ইন চার্জ | সদস্য |
| ১০. | ম্যানেজার, বাংলাদেশ কৃষি ব্যাংক | সদস্য |
| ১১. | খামার ব্যবস্থাপক, মৎস্য বীজ উৎপাদন খামার (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ১২. | উপজেলা শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ১৩. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ১৪. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য |
| ১৫. | উপজেলা খাদ্য কর্মকর্তা | সদস্য |
| ১৬. | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা | সদস্য |
| ১৭. | উপজেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| ১৮. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | সদস্য |
| ১৯. | কমান্ডার, সংশ্লিষ্ট উপজেলা মুক্তিযোদ্ধা সংসদ | সদস্য |
| ২০. | এনজিও প্রতিনিধি (১ জন উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত) | সদস্য |
| ২১. | জাতীয় মৎস্যজীবী সমিতির প্রতিনিধি | সদস্য |
| ২২. | বাংলাদেশ ক্ষুদ্র মৎস্যজীবী জেলে সমিতির প্রতিনিধি - | সদস্য |
| ২৩. | বাংলাদেশ জাতীয় মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ এর প্রতিনিধি | সদস্য |
| ২৪. | প্রকৃত মৎস্যচাষিদের প্রতিনিধি (১ জন, উপজেলা মৎস্য কর্মকর্তা কর্তৃক মনোনীত) | সদস্য |
| ২৫. | সিনিয়র উপজেলা/উপজেলা মৎস্য কর্মকর্তা | সদস্য-সচিব |

কমিটির কার্যপরিধিঃ

১। উপজেলার জন্য অনুমোদিত কর্মসূচি বাস্তবায়ন। প্রয়োজনবোধে নতুন কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়ন।

২। বাজেট বরাদ্দ অনুযায়ী ব্যয়ের তদারকী।

৩। কমিটি প্রয়োজনবোধে সদস্য কো-অপ্ট করতে পারবে এবং উপ-কমিটি গঠন করতে পারবে।

১৪/০৫/১৮

নারায়ন চন্দ্র চন্দ
মন্ত্রী